

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।


সূত্রঃ ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭-৮৮

তারিখঃ ২৮/০৮/২০১৮

বিষয়ঃ “বার্ষিক উন্নাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” ও “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)” সংক্রান্ত সভার
কার্যবিবরণী।

উপযুক্ত বিষয়ে গত ১৪/০৮/২০১৮ তারিখে “বার্ষিক উন্নাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” ও “বার্ষিক
কর্মসম্পাদন চুক্তি (APA)” সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে
প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামত্তে


(কাজী মোহাম্মদ হাসান)
সচিব

বিতরণঃ

- ১। মহাব্যবস্থাপক (পরিঃ ও উন্নঃ/হিসাব), বিপিসি।
- ২। উপ-মহাব্যবস্থাপক (এমআইএস), বিপিসি।
- ৩। উপ-ব্যবস্থাপক(বৈড/এমআইএস), বিপিসি।

অনুলিপিঃ

- ১। ব্যবস্থাপনা পরিচালক (পিওসিএল/এমপিএল/ইআরএল/এলপিজিএল/জেওসিএল), চট্টগ্রাম।
- ২। মহাব্যবস্থাপক (এসএওসিএল), চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিপিসি।
- ৪। অফিস কপি/মাস্টার ফাইল।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।

সূত্রঃ ২৮.০৩.০০০০.০৮২.০১.০১৪.১৭-

তারিখঃ ২৮/০৮/২০১৮

বিষয়ঃ “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” ও “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)” সংক্রান্ত সভার
কার্যবিবরণী।

বিপিসি’র “বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন” ও “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)” সংক্রান্ত
কমিটির সভা সচিব জনাব কাজী মোহাম্মদ হাসান এর সভাপতিত্বে ১৩-০৮-২০১৮ তারিখ বেলা ১২.০০ ঘটিকায়
বিপিসি’র বোর্ড সভা কক্ষে অনুষ্ঠিত হয় (সভার উপস্থিতিঃ সংলগ্নী-ক)।

২.০ আলোচনাঃ

২.১ সভার প্রারম্ভে সভার সভাপতি সচিব, বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সকলকে শুভেচ্ছা জানিয়ে
সভা শুরু করেন। গত ৩০/০৭/২০১৮ তারিখে জালানি ও খনিজ সম্পদ বিভাগের আইসিটি শাখা কর্তৃক
মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো,
২০১৮-১৯ মন্ত্রিপরিষদ হতে প্রাপ্ত ছক মোতাবেক প্রণয়নপূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হয়। সে অনুযায়ী
বিপিসি’তে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে
প্রেরণের বিষয়টি নিশ্চিত করা হয়। প্রণয়নকৃত ছকে ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রকৃত অর্জন ও ২০১৯-২০২০ অর্থ
বছরের প্রক্ষেপণ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। পরবর্তীতে মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হলে বার্ষিক
উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ সংক্রান্ত বিষয়টি আরো সুস্পষ্ট হবে মর্মে
আশাবাদ ব্যক্ত করা হয়।

২.২ সংস্থার কৌশলগত উদ্দেশ্যাভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ সংক্রান্ত বিষয়ে
বিশদভাবে আলোচনা করা হয়। “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)” অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থ বছরের প্রকৃত অর্জন
সম্মোহনক মর্মে সভায় অবহিত করা হয়। এছাড়া ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থ বছরের প্রক্ষেপণ অনুযায়ী
লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ফেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য কোম্পানিসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের
অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ চুক্তি অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে মর্মে
আশাবাদ ব্যক্ত করেন। সভায় কোম্পানিসমূহের ডিলাই/ডিস্ট্রিবিউটরদের অভিযোগ অনলাইনে গ্রহণ ও এসএমএস এর
মাধ্যমে তথ্যাদি ডাটাবেইসে প্রেরণ করা সম্ভব হবে কিনা সে বিষয়ে আলোচনা করা হয়।

৩.০ সিদ্ধান্তঃ

৩.১ প্রণয়নকৃত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-১৯ অনুযায়ী
নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করে কোম্পানিসমূহে পত্র প্রেরণ করতে হবে।

(খ) উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মকর্তাদের অভ্যন্তরীণ/বৈদেশিক প্রশিক্ষণের আয়োজন করতে হবে।


৩.২ সংস্থা কর্তৃক প্রণয়নকৃত বার্ষিক কার্য সম্পাদন চুক্তি (APA) এর (কৌশলগত উদ্দেশ্যাভিত্তিক কার্যক্রম,
কর্মসম্পাদনসূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) কোম্পানিসমূহ নিজ নিজ প্রতিষ্ঠানের চাহিদানুযায়ী ট্রেনিং ক্যালেন্ডার প্রস্তুত করতে বিপিসি’তে প্রেরণ করবে।

(খ) ট্রেনিং ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণের আয়োজন করতে হবে।

(গ) ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালু করতে হবে।

সভায় আর কোন আলোচনাসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা
করেন।


(কাজী মোহাম্মদ হাসান
সচিব)
ফোনঃ ০৩১-৭১৬৪১৩